# ধান গবেষণা সমাচার

## BRRI NEWSLETTER

তেত্রিশ বর্ষ | সংখ্যা ১ | আশ্বিন-পৌষ ১৪২৯ | October-December 2022

### ব্রি বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালায় তথ্য প্রকাশ
## জুন পর্যন্ত চালের সংকট হবে না

**• বর্তমান সরকারের গত ১৪ বছরে ৬১টি জাত উদ্ভাবন করেছে ব্রি • রাইস মিলার ও খুচরা বিক্রেতারা অতিরিক্ত মুনাফা করছেন • কর্পোরেট গ্রুপগুলো চালের বাজারে প্রবেশ করে বাজার নিয়ন্ত্রনের চেষ্টা করছে • 'রাইস সল্যুশন' মোবাইল অ্যাপস উদ্বোধন।**

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ছয় দিনব্যাপী 'বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২১-২২' এর উদ্বোধনী অনুষ্ঠানে জানানো হয়, আগামী জুন পর্যন্ত দেশে চালের কোনো সংকট হবে না এবং অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে ৪২ লক্ষ টন চাল উদ্বৃত্ত থাকবে। গত ৩১ ডিসেম্বর ২০২২ মাননীয় কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক এমপি এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গাজীপুরে ব্রি সদর দপ্তর মিলনায়তনে অনুষ্ঠিত কর্মশালায় সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আগামী জুন পর্যন্ত চালের কোন সংকট হবে না উল্লেখ করে বলা হয়, আগামী জুন পর্যন্ত আউশ (৩.০ মিলিয়ন টন), আমন (১৬.৩ মিলিয়ন টন) ও বোরোর (২০.৪ মিলিয়ন টন) ধরে মোট উৎপাদন হবে ৩৯.৭ মি.টন। প্রতিদিন *বাকী অংশ পৃষ্ঠা ৩*




*Agriculture Minister Dr Muhammad Abdur Razzaque addressing at the inaugural session of the BRRI Workshop.*

### BRRI Annual Research Review Workshop Reveals
## No shortage of rice till next June.

**• In the last 14 years of the current government BRRI has invented 61 varieties. • Rice millers and retailers are making extra profit. • Corporate groups are trying to control the market by entering the rice market. • Launch of 'Rice Solutions' Mobile apps.**

Bangladesh will not have to face any crisis for shortage of rice and 42 lakh tons of clean rice will be surplus even after meeting its internal demand. This has been revealed in the inaugural session of the Annual Research Review Workshop of Bangladesh Rice Research Institute (BRRI) held in Gazipur on 31 December 2022. Honourable Minister for Agriculture Dr Muhammad Abdur Razzaque inaugurated the session as the chief guest. The Director General of BRRI Dr Md Shahjahan *See page 3*

## আরও পাঁচটি নতুন ধানের জাত উদ্ভাবন করেছে ব্রি

আমন ও বোরো মওসুমে চাষের উপযোগী ৫টি নতুন উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। এগুলো হলো বোরো মওসুমের জন্য ব্রি ধান১০১, ব্রি ধান১০২, ব্রি ধান১০৪ এবং ব্রি হাইব্রিড ধান৮। আমন মওসুমের জন্য ব্রি ধান১০৩। ২০২২ সালের ১৮ জানুয়ারি জাতীয় বীজ বোর্ডের ১০৬তম সভায় ব্রি ধান১০১ ও ব্রি ধান১০২ দেশ জুড়ে চাষাবাদের জন্য অবমুক্ত করা হয়। ২০২২ সালের ২৬ ডিসেম্বর জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভায় আমন মওসুমের ব্রি ধান১০৩, বোরো মওসুমের উচ্চ ফলনশীল জাত ব্রি ধান১০৪ এবং ব্রি হইব্রিড ধান৮ অবমুক্ত হয়। কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে সভায় ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও *বাকী অংশ পৃষ্ঠা ৫*



*BRRI dhan101*

## BRRI develops five new high yielding rice varieties

Bangladesh Rice Research Institute (BRRI) has developed five new high yielding rice varieties. These include BRRI dhan101, BRRI dhan102, BRRI dhan104 and BRRI hybrid dhan8 which can be cultivable in Boro season and BRRI dhan103 is suitable for Aman season. National Seed Bord (NSB) in its meeting on 18 January 2022 gave approval for cultivation of be grain as BRRI dhan101 and BRRI dhan102 throughout the country. NSB on 26 December 2022 released BRRI dhan103, BRRI dhan104 and BRRI hybrid dhan8. Seceretary of the Ministry of Agriculture Md Sayedul Islam presided over the NSB meeting while BRRI Director *See page 5*

## এফএও মহাপরিচালকের ব্রি পরিদর্শন

মাননীয় কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক এমপি ও এফএও এর মহাপরিচালক চু দোয়াংয়ু গত ১২ মার্চ ২০২২ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তর ব্রি পরিদর্শন করেন। এ সময় ব্রির মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর তাদেরকে স্বাগত জানান। পরে এফএও এর মহাপরিচালকের নেতৃত্বে এফএও প্রতিনিধি দল, কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ব্রি ও বারির বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দের মধ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় এফএও মহাপরিচালক কৃষি ক্ষেত্রে উন্নয়ন এবং বিদেশী সাহায্য পাওয়ার ক্ষেত্রে সহযোগিতার আশ্বাস দেন। এ সময় তিনি উল্লেখ্য করেন বিজ্ঞানী এবং নীতিনির্ধারক পর্যায়ে মতবিনিময় এর মাধ্যমে কৃষি প্রযুক্তিকে আরও এগিয়ে নেওয়ার ক্ষেত্রে কাজ করার জন্যই তার এ সফর। তিনি বাংলাদেশের কৃষি উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন এবং বাংলাদেশের কৃষি উন্নয়নে সর্বাত্মক সহযোগিতার অঙ্গীকার করেন। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলাম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, ব্রির মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। সভায় উপস্থিত ছিলেন এফএও এর সহকারী মহাপরিচালক জং-জিন কিম, প্রধান অর্থনীতিবিদ মেক্সিমো টরিরো কুলেন এবং এফএও এর বাংলাদেশ প্রতিনিধি রবার্ট ডি সিম্পসন, ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো: আবু বকর ছিদ্দিক, পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। পরে এফএও মহাপরিচালক ব্রি রাইস মিউজিয়াম, বিভিন্ন গবেষণা বিভাগের স্টল এবং গবেষণা মাঠ পরিদর্শন করেন।

আলোচনা সভায় কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেন, বাংলাদেশের কৃষি উন্নয়নে এফএও বাংলাদেশকে সর্বাত্মক সহযোগিতা করবে বলে আমরা মনে করি। এ বিষয়ে এফএও এর প্রতিনিধি দলের সঙ্গে আমাদের বিস্তারিত আলোচনা হয়েছে। সভায় ব্রির কার্যক্রম, অগ্রগতি ও ভবিষ্যৎ করণীয় বিষয়ে বক্তব্য উপস্থাপন করে ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, বিশ্বের সাথে তাল মিলিয়ে ব্রির গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। বর্তমান সরকারের সুচিন্তিত পরিকল্পনায় বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। তিনি এফএও এবং বাংলাদেশের মধ্যে পারস্পরিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করেন।

## FAO DG Visits BRRI

Honourable Minister for Agriculture Dr Muhammad Abdur Razzaque and Director General UN Food and Agriculture Organization (FAO) Qu Dongyu visited Bangladesh Rice Research Institute (BRRI) Headquarter on 12 March 2022 in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir offered a cordial welcome to Dr Mohammad Abdur Razzaque and his accompanies at the institute. A discussion was held with the FAO delegation, Official of Ministry of Agriculture, BRRI scientists and officials.



Qu Dongyu assured of providing technological support to Bangladesh in science-based farming and getting foreign funds. Qu Dongyu's visit was aimed at enhancing cooperation and exchanging ideas between scientists and policy makers as well as knowledge sharing on issues like collaborating efforts on promoting some frontier technologies.


Other discussauts of the meeting were Agriculture Secretary Md Sayedul Islam, Bangladesh Agricultural Research Council (BARC) Executive Chairman Dr Shaikh Mohammad Bokhtiar, BRRI Director General Dr Md Shahjahan Kabir, BARI Director General Dr Debasish Sarker, Additional Secretary Ruhul Amin Talukder, FAO ADG Jong-JIn Kim, FAO Bangladesh Country Representative Robert D Simpson, BRRI Director (Administration and Common Service) Dr Abu Baker Siddique, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzamen.

Latter FAO DG Qu Dongyu's visited BRRI Rice Museum and different research stall research fields.

Dr Md Shahjahan Kabir said that research activities are conducted in harmony with the world. Bangladesh has achieved self-sufficiency in food with the well-thought out plan of the present government. He emphasized on mutual cooperation between FAO and Bangladesh.

## বাসমতির মতো সুগন্ধী নতুন ধানের জাত ব্রি ধান১০৪

বোরো মওসুমে চাষের উপযোগী নতুন প্রিমিয়াম কোয়ালিটি সম্পন্ন বাসমতি টাইপের উচ্চ ফলনশীল ধানের জাত ব্রি ধান১০৪ উদ্ভাবন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। গত ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ১০৮ তম সভায় এ জাত দেশজুড়ে চাষাবাদের জন্য অবমুক্ত করা হয়। কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্রি'র মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ব্রি ধান১০৪ এর ফলন প্রতি হেক্টরে গড়ে ৭.৩০ টন। নতুন উদ্ভাবিত এ ধানের চাল লম্বা চিকন, বাসমতি টাইপের ও রং সাদা। এটি একটি সুগন্ধী ধানের জাত (GCMS পদ্ধতিতে পরিমাপকৃত Aromatic compound এর মান ২.১২ ppm)।



*BRRI dhan104*

ব্রি ধান১০৪ জাতটি বাসমতি টাইপের, ব্রির সুগন্ধী ধানের জাত। জাতটিতে আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এ গাছের ডিগ পাতা খাড়া, প্রশস্ত ও লম্বা এবং পাতার রং সবুজ। ব্রি ধান১০৪ এর চাষাবাদ পদ্ধতি অন্যান্য উফশী বোরো ধানের মতোই। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ৯২ সেন্টিমিটার এবং গড় জীবনকাল ১৪৭ দিন। এর চালে অ্যামাইলোজের পরিমাণ ২৯.২% এবং প্রোটিনের পরিমাণ ৮.৯%। ১০০০ টি পুষ্ট ধানের ওজন প্রায় ২১.৫ গ্রাম। চালের আকার আকৃতি লম্বা চিকন (৭.৫ মিলিমিটার), বাসমতি টাইপের ও রং সাদা এবং ভাত ঝরঝরে। ব্রি ধান১০৪ এর গড় ফলন ৭.৩০ টন/হেক্টর হলেও অনুকূল পরিবেশ ও উপযুক্ত পরিচর্যায় ৮.৭১ টন/হেক্টর পর্যন্ত ফলন দিতে সক্ষম।

ব্রির বিজ্ঞানীরা আশা করছেন, উদ্ভাবিত নতুন জাত ব্রি ধান১০৪ কৃষক পর্যায়ে খুব দ্রুত জনপ্রিয়তা লাভ করবে এবং উচ্চ ফলনশীল প্রিমিয়াম কোয়ালিটি সম্পন্ন সুগন্ধী জাত হওয়ায় সামগ্রিকভাবে ধান উৎপাদনের পাশাপাশি রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনও সম্ভব হবে।

❑ **ড. মো. আবদুল কাদের, রত্না রাণী মজুমদার, তাপস কুমার হোড়, উর্মি রানী সাহা, কানিজ ফাতেমা, এ কে এম সালাহউদ্দিন এবং ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা।**

## New Basmati type Aromatic Rice BRRI dhan104

Bangladesh Rice Research Institute (BRRI) has developed a new premium quality aromatic Basmati type high yielding rice variety BRRI dhan104 suitable for Boro season. This variety was approved for nationwide cultivation at the 108th meeting of National Seed Board of Bangladesh (NSB) held on 26 December 2022. Secretary of the Ministry of Agriculture Md Sayedul Islam presided over the NSB meeting while Director General of BRRI Dr Md Shahjahan Kabir and other high officials of different organizations were present. The average yield of BRRI dhan104 is 7.30 ton/hectare. The size and shape of this newly developed variety is long slender, Basmati type with white colored grain. It is a strong aromatic rice variety (according to GCMS system the value of volatile aromatic compound is 2.12 ppm).

Among the BRRI released varieties, BRRI dhan104 is the aromatic Basmati type rice. It possesses all characteristics of high yielding rice varieties. The flag leaf of this plant is erect, wide and long and the leaf colour is deep green. The cultivation method of BRRI dhan104 is similar to other high yielding Boro rice varieties. Plant height of this variety is 92 centimeter and average growth duration is 147 days. Its grain contains 29.2% amylose and 8.9% protein. Weight of 1000 mature grain of this variety is around 21.5 gram. The size shape of the grain is long slender (7.5 mm), white colored Basmati type and non-sticky. Although the average yield BRRI dhan104 is 7.30 ton per hectare, its yield potentiality is up to 8.71 ton per hectare under favourable environment and appropriate agronomic management.

BRRI scientists expect that being a high yielding premium quality aromatic rice variety, BRRI dhan104 will gain popularity very quickly at farmers' level and at the same time it is capable to earn foreign currency through export.

❑ **Dr Md Abdul Kader, Ratna Rani Majumder, Urmi Rani Shaha, Kaniz Fatema, A K M Shalahuddin, Tapas Kumer Hore, and Dr Khandakar Md Iftekharuddaula.**

## ব্রি বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা

*প্রথম পৃষ্ঠার পর*

জনপ্রতি ৪০৫ গ্রাম করে চালের ভোগ হিসেব করলে ১৭ কোটি মানুষের জন্য চালের প্রয়োজন হবে ২৫.১৪ মি.টন। অন্যান্য ভোগ ২৬.০৯% হিসেব করে চালের প্রয়োজন ১০.৩৬ মি.টন। সে হিসেবে উদ্বৃত থাকবে ৪.২ মি.টন বা ৪২ লক্ষ টন।

অনুষ্ঠানে আরও জানানো হয়, বাংলাদেশ চাল উৎপাদনে উদ্বৃত্ত হওয়া সত্ত্বেও খুচরা পর্যায়ে চালের দাম বাড়ছে। চালের মূল্যবৃদ্ধির পেছনের কারণগুলো চিহ্নিত করার জন্য মাঠ পর্যায়ে ব্রির গবেষণা থেকে জানা যায়, রাইস মিলার ও খুচরা বিক্রেতারা অতিরিক্ত মুনাফা করছেন, উৎপাদন খরচও কিছুটা বৃদ্ধি পেয়েছে এবং ফার্মগেট পর্যায়ে ধানের দামও বৃদ্ধি পেয়েছে। এছাড়া কিছু মিলার ও ব্যবসায়ী জানিয়েছেন যে, কর্পোরেট প্রতিষ্ঠানগুলো চালের বাজারে প্রবেশ করে বাজার নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস। সম্মানিত অতিথি হিসাবে জুমে সংযুক্ত ছিলেন, কৃষি মান্ত্রণালয়ের বিশেষজ্ঞ পুলের সদস্য প্রফেসর এমিরেটাস ড. আব্দুস সাত্তার মন্ডল, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) বাংলাদেশ প্রতিনিধি রবার্ট ডি সিম্পসন, আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) এর বাংলাদেশ প্রতিনিধি ড. হোমনাথ ভান্ডারি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। গবেষণা অগ্রগতি এবং অর্জন ২০২১-২২ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। An Assessment of Rice Price Hike in Bangladesh শীর্ষক একটি গবেষণা নিবন্ধ উপস্থাপন করেন ব্রির কৃষি অর্থনীতি বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, আমরা ব্রিকে নিয়ে গর্ব করি, অহংকার করি। কৃষির বিরাট অংশ নিয়ে ধান তাই ব্রির গুরুত্ব অপরিসীম। ধানকে ঘিরে আমাদের অর্থনীতি। তিনি বলেন, সময়ের চ্যালেঞ্জ মোকাবেলায়, ধান উৎপাদন বাড়াতে বিজ্ঞানীদের আরও বেশি করে আত্মনিয়োগ করতে হবে।

পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, ড. শামসুল আলম বলেন, An Assessment of Rice Price Hike in Bangladesh উপস্থাপনায় একেবারে ভেতর থেকে কিভাবে চালের দাম ও অন্যান্য বিষয়গুলো নিয়ন্ত্রণ হয় তা জানা গেল। এ প্রবন্ধ উপস্থাপনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর দেশে ধান উৎপাদনের যথাযথ পরিসংখ্যান তুলে ধরে জানান, এই হিসেবে যত ত্রুটিই (estimation error) আমরা বিবেচনায় নেই না কেন আগামী জুন পর্যন্ত চালের কোনো সংকট হবে না। তিনি আরও জানান, বর্তমান সরকারের গত ১৪ বছরে (২০০৯-২০২২) ব্রি ৪টি হাইব্রিডসহ আউশ, আমন ও বোরো মওসুমের সর্বমোট ৬১টি জাত উদ্ভাবন করেছে।

An Assessment of Rice Price Hike in Bangladesh শীর্ষক উপস্থাপনায় বলা হয়, বাংলাদেশ চাল উৎপাদনে উদ্বৃত্ত হওয়া সত্ত্বেও খুচরো পর্যায়ে চালের দাম বাড়ছে। ব্রি চালের মূল্যবৃদ্ধির পেছনের কারণগুলো চিহ্নিত করার জন্য মাঠ পর্যায়ে ব্রির একটি গবেষণা থেকে জানা যায়, রাইস মিলার ও খুচরো বিক্রেতারা অতিরিক্ত মুনাফা করছেন, উৎপাদন খরচও কিছুটা বৃদ্ধি পেয়েছে এবং ফার্মগেট পর্যায়ে ধানের দামও বৃদ্ধি পেয়েছে। এছাড়া কিছু মিলার ও ব্যবসায়ী জানিয়েছেন যে, কর্পোরেট প্রতিষ্ঠানগুলো চালের বাজারে প্রবেশ করে বাজার নিয়ন্ত্রনের চেষ্টা করছে।

গবেষণা অগ্রগতি এবং অর্জন ২০২১-২২ প্রবন্ধে বলা হয় অত্যাধুনিক প্রযুক্তি (Cutting-edge technology) ব্যবহারের মাধ্যমে জাত উদ্ভাবন প্রক্রিয়ার সময় ৫-৭ বছর কমিয়ে আনা সম্ভব হচ্ছে। বর্তমান ফলন স্তরকে অতিক্রম করে ৩য় স্তরের উচ্চ ফলনশীল ও গুণগত মানসম্পন্ন জাত উদ্ভাবন করা হচ্ছে।

## BRRI Annual Research Review Workshop

*After page 1*

Kabir presided over the meeting. Dr Kabir informed the meeting that till next June Aman, Aus and Boro will have a total production of 39.7 m. tons. If we calculate the consumption of rice at 405 grams per person per day, rice will be required 25.14 m. tons for 17 crore People. Other consumption account for 26.09% of the rice requirement of 10.36 million tons. Accordingly, there will be a rice surplus of 42 lakh tons. As such, no matter how many errors we take into account, there will be no shortage of rice tall next June.

The Agricultural Minister said that BRRI scientists need to devote themselves more earnestly to increase rice production of the country. He reiterated his call for increasing cropping intensity, better rice processing and firm mechanization and developing healthier rice for fulfilling export demand. The Agricultural Minister made this call lauding BRRI scientists for their research achievements over the years. The Minister said because of their contribution, the country has achieved self-sufficiency as well as surplus status in food production.

State Minister of the Planning Dr Shamsul Alam, Secretary of the Ministry of Agriculture Wahida Akter, BADC Chairman Abdullah Sazzad ndc, Bangladesh Agricultural Research Council (BARC) Executive Chairman, Dr S M Bokhtiar, also spoke on the occasion as the special guests. BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman presented the key note paper of the workshop titled as ‘Research Achievements and progrees 2021-22’. Dr Mohammad Chhiddikur Rahman Senior Scientific Officer Agricultural Economics Division presented a research article title ‘An Assessment of Rice Price Hike in Bangladesh’.

Experts and officials from different government non-government organizations including BRRI, BARI, BARC, DAE and IRRI along with unaniversities as well as farmer’s representatives attended the workshop.

The technical sessions of the workshop continued for the next six days. The contents of the workshop would include the details of the achievements and advances in rice research and extension programmes completed over the last year.

The workshop would also include research results of the 19 research divisions and eleven regional stations of the institute carried out in 2021-22.

## নতুন ধানের জাত

*পঞ্চম পৃষ্ঠার পর*

**ব্রি হাইব্রিড ধান৮:** এ জাতের গড় উচ্চতা ১১০-১১৫ সে.মি.। কাণ্ড শক্ত বিধায় গাছ ঢলে পড়েনা। ধানে অ্যামাইলোজের পরিমাণ ২৩.৩ এবং প্রোটিনের পরিমাণ ৯.২%। ধানের আকৃতি লম্বা চিকন, ভাত ঝরঝরে। ১০০০টি পুষ্ট ধানের ওজন ২৪.৩ গ্রাম। জীবনকাল ১৪৫-১৪৮ দিন। এর গড় ফলন প্রতি হেক্টরে ১০.৫-১১ টন। দেশীয় আবহাওয়ার অভিযোজন ক্ষমতা মাতৃ ও পিতৃ সারি ব্যবহার করে এ ধান উদ্ভাবিত হওয়ায় এতে রোগ বালাই এর আক্রমণ কম।



*BRRI hybrid dhan8*

## New Rice Varieties

*After page 5*

**BRRI hybrid dhan8:** The average plant hight of this variety is 110-115 cm. It is developed for cultivation in Boro season. The grain size and shape of this variety is slender. It produces 10.5-11 ton per hectare yield. Its grain contains 23.3% amylose and 9.2% protein. Its life cycle completes within 145-148 days. Weight of 1000 mature grain of this variety is around 24.3 gram. The variety has been released for farmers’level cultivation in Dhaka, Chattogram, and Rangpur regions.

## মন্ত্রীপরিষদ সচিবের নেতৃত্বে ছয় সচিবের ব্রি পরিদর্শন

**কৃষিক্ষেত্রে উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণে কৃষি প্রতিষ্ঠানগুলোর সমন্বয় বাড়ানোর ওপর মন্ত্রীপরিষদ সচিবের গুরুত্বারোপ**

কৃষিক্ষেত্রে গবেষণা এবং মাঠ পর্যায়ে উন্নত জাত ও প্রযুক্তি সম্প্রসারণের জন্য কৃষিসংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন মন্ত্রীপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম। তিনি গত ০৫ অক্টোবর ২০২২ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তরে কৃষি বিজ্ঞানী, কৃষি সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ গুরুত্বারোপ করেন। তিনি উদ্ভাবিত জাত ও প্রযুক্তি মাঠ পর্যায়ে দ্রুত সম্প্রসারণ এবং অংশীজনদের সাথে যোগাযোগ বাড়ানের তাগিদ দেন। এ সময় তিনি করোনাকালে কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সক্রিয় ভূমিকার প্রশংসা করেন।



সম্মানিত কৃষি সচিব মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে মতবিনিময়সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সম্মানিত সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম পিএএ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মো. মকবুল হোসেন পিএএ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. নাহিদ রশীদ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত অবসরপ্রাপ্ত সচিব কামরুন নাহার, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সম্মানিত চেয়ারম্যান এ.এফ.এম হায়াতুল্লাহ এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সম্মানিত নির্বাহী চেয়ারম্যান, ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের সম্মানিত মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর।

রাইস মিউজিয়াম পরিদর্শন শেষে চাল সম্পর্কিত সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রীপরিষদ সচিব বলেন, মিনিকেট নামে কোনো চাল বিক্রি করা যাবে না। মিলে চাল বস্তাজাত করার সমৃ৫৫%ৈ
সেক্ষেত্রে আমরা তার বিরুদ্ধে লিগ্যাল এ্যাকশনে যাব। তিনি বলেন, সম্প্রসারণ বিভাগ কয়েক দিন আগে এ সংক্রান্ত একটি সার্কুলার দিয়েছে। *বাকী অংশ পৃষ্ঠা ৬*

## Six Secretaries Headed by Cabinet Secretary Visit BRRI

**Emphasis on increasing coordination among agricultural institutions in extension of improved varieties and technologies in agriculture**

Cabinet Secretary Khandker Anwarul Islam has emphasized on increasing coordination between Agricultural Institutions in the development of advanced varieties and technologies in Agriculture. He said this at an opinion exchange meeting with scientists and officials of BRRI on 5 October 2022.

Agriculture Secretary Md Sayedul Islam presided over the opinion exchange meeting, senior secretary Information and Communication Department N M Ziaul Alam, Information and Broadcasting secretary Maqbul Hossain, Former secretary Kamrun Nahar, Fisheries and Animal Resources secretary Dr Nahid Rashid, BADC Chairman A F M Rahmutullah, BARC Executive Chairman Dr Shaikh Mohammad Bokhtiar were present. BRRI Director General Dr Md Shahjahan Kabir presented the main article in the meeting.

Besides, the Cabinet Secretary said that no rice shoud be sold under the name of miniket. The name of the rice has to be written on the sack while bagging the variety at the rice mill. He said, adding that legal action, will be taken against those who will go against the rules. the Cabinet Secretary came up with the statement while talking to journalists during visit to BRRI. He also said that the Department of Agricultural extension issued a circular in this regard a few days ago. *See page 6*

## আইসিএআর মহাপরিচালকের ব্রি পরিদর্শন

ভারতের কৃষি ও শিক্ষা গবেষণা বিভাগের সচিব এবং ভারতের কৃষি গবেষণা কাউন্সিল (আইসিএআর) এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠকসহ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক ড. এম বক্তীয়ার হোসেন, সার্ক কৃষি কেন্দ্রের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার গ্যারিসন জর্জ বুধবার (০৭ ডিসেম্বর ২০২২) গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। এ সময় মিসেস হিমাংশু পাঠক প্রতিনিধি দলের সঙ্গে উপস্থিত ছিলেন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রতিনিধি দলকে স্বাগত জানান।



পরে ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে সফররত প্রতিনিধি দলের সঙ্গে ব্রির বিভাগীয় প্রধানদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। পরে আইসিএআর এর মহাপরিচালক ড. হিমাংশু পাঠক ব্রির গবেষণা কার্যক্রম এবং অর্জনের ভূয়সী প্রশংসা করেন। প্রধান অতিথির বক্তব্যে ড. হিমাংশু পাঠক বাংলাদেশ এবং ভারতের মধ্যে সম্পর্ককে গভীর বন্ধুত্বপূর্ণ উল্লেখ করে কৃষির উন্নয়নে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণের উপর গুরুত্বারোপ করেন। তিনি উভয় দেশের কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যেও তথ্য, প্রযুক্তিসহ বিভিন্ন বিষয়ে কার্যকর সহযোগিতার মাধ্যমে উভয় দেশই লাভবান হতে পারে বলে উল্লেখ করেন।

এর আগে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর স্বাগত বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে ভারতের ভূমিকা তুলে ধরে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ভারতকে সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু ও প্রতিবেশি উল্লেখ করে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণের মাধ্যমে কৃষির উন্নয়নকে আরোও টেকসই করার উপর গুরুত্বারোপ করেন।

সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আবু বকর ছিদ্দিক, পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানমসহ বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা শেষে ব্রির পক্ষ থেকে সফররত প্রতিনিধি দলের সদস্যদের ক্রেস্ট এবং বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়।

## ICAR DG Visits BRRI

Director General of the Indian Council of Agricultural Research (ICAR) Dr Himanshu Pathak visited Bangladesh Rice Research Institute (BRRI) on 07 Decembermber last in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir offere a cordial welcome to Dr Himanshu and his accompanies at the institute and briefed about its main features. He also discussed ways and means to strengthen collaboration between BRRI and ICAR in an opinion exchange meeting held on the occasion.

Bangladesh Agricultural Research Council (BARC) Executive Chairman, Dr S M Bokhtiar, SAARC Agriculture Centre (SAC) Director, Dr Md Baktear Hossain and Mrs Pathak, SAC Senior Programme Manager Garission Joerge, BRRI Director (Administration and Common Service) Dr Abu Bakr Siddique, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman, BRRI CASR Dr Munnuzan Khanam, Heads of the research divisions of the institute, the senior scientists and officials took part in the discussion.

Dr. Himanshu Pathak's visit was aimed at enhancing cooperation and exchanging ideas between scientists and policy makers as well as knowledge sharing on issues like collaboration efforts on promoting some frontier technologies and projects such as zinc enriched rice and transforming rice breeding etc.

During the discussion the speakers stressed also on the need for quick dissemination of modern rice production technologies including farm machinery as well as how farmers are trying to cope with unfavourable environments using high yielding rice varieties and other inputs to the farm level.

## নতুন ধানের জাত

*প্রথম পৃষ্ঠার পর*

বিভাগের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ব্রি এ পর্যন্ত মোট ১১১টি উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন করেছে, যার মধ্যে ৮টি হাইব্রিড জাত রয়েছে।

**ব্রি ধান১০১:** উফশী জাতের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এ জাতের প্রধান বৈশিষ্ট্য হলো এটি ব্যাকটেরিয়া জনিত পোড়া রোগ প্রতিরোধী। ডিগ পাতা খাড়া, পাতার রং গাঢ় সবুজ। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১১০ সে.মি.। এ জাতের গড় জীবনকাল ১৪২ দিন। এর চাষাবাদের জন্য সারের মাত্রা অন্যান্য উফশী জাতের মতই। এ ধানে অ্যামাইলোজের পরিমাণ ২৫.০% এবং প্রোটিন ৯.৮%। এ জাতের ১০০০টি পুষ্ট ধানের ওজন ২৩.১ গ্রাম। এর ভাত ঝরঝরে এবং খেতে সুস্বাদু। এ জাত হেক্টরে গড়ে ৭.৭২ টন ফলন দেয়, তবে উপযুক্ত পরিচর্যা পেলে ফলন হেক্টর প্রতি ৮.৯৯ টন পর্যন্ত পাওয়া যায়।

**ব্রি ধান১০২:** উচ্চ ফলনশীল জিংক সমৃদ্ধ বোরো ধানের জাত। কৌলিক সারি আইআর৯৯২৮৫-১-১-১-পি২ আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি), ফিলিপাইনে Multiple cross করে উদ্ভাবন করা হয় যার Parentage, IR 91153-AC 117/ IR05F102// IR 68144-2B-2-2-3-1-166/// IR 66/ 4/ NSIC RC 158/ NEGRO// BRRI dhan29। বিগত ২০১৪ সালে ব্রি এটি ইরি থেকে এনে নিজস্ব গবেষণা কার্যক্রমে অন্তর্ভূক্ত করে। প্রাপ্ত আইআর৯৯২৮৫-১-১-১-পি২ কৌলিক সারিটি ব্রি এর গবেষণা মাঠে চার বৎসর ফলন পরীক্ষার পর ২০১৮ সালে ব্রির আঞ্চলিক কার্যালয়সমূহের গবেষণা মাঠে ও ২০১৯ সালে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা-নিরীক্ষা করা হয়। অতঃপর ২০২০ সালে বীজ প্রত্যয়ন এজেন্সি কর্তৃক স্থাপিত প্রস্তাবিত জাতের ফলন পরীক্ষায় (পিভিটি) সন্তোষজনক হওয়ায় জাতীয় বীজ বোর্ডের মাঠ মূল্যায়ন দল কর্তৃক কৌলিক সারিটি ছাড়করণের জন্য সুপারিশ করা হয়। অতঃপর ১৮ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ১০৬ তম সভায় এটি জিংক সমৃদ্ধ বোরো মওসুমের উচ্চ ফলনশীল জাত ব্রি ধান১০২ হিসাবে দেশজুড়ে চাষাবাদের জন্য অবমুক্ত করা হয়।




*BRRI dhan102*

ব্রি ধান১০২ এর পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১০৩ সেমি। এর জীবনকাল ১৫০ দিন। এর ডিগ পাতা খাড়া, প্রশস্ত ও লম্বা এবং পাতার রং সবুজ। ব্রি ধান১০২ এর ফলন প্রতি হেক্টরে গড়ে ৮.১ টন। তবে এটি উপযুক্ত পরিচর্যা পেলে অনুকূল পরিবেশে হেক্টর প্রতি ৯.৬ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম। এ ধানের গুনগতমান ভাল ও জিংকের পরিমাণ ২৫.৫ মি.গ্রাম/কেজি থাকায় এটি বাংলাদেশের মানুষের দৈনন্দিন জিংকের চাহিদার প্রায় ৫০-৭০% পূরণ করতে সক্ষম হবে। এ ধানের চালে অ্যামাইলোজ এবং প্রোটিনের পরিমাণ যথাক্রমে ২৮.০% এবং ৭.৫%। ব্রি ধান১০২ এর ১০০০টি পুষ্ট ধানের ওজন ২২.৭ গ্রাম। এ ধানের দানার রং খড়ের মতো এবং চাল লম্বা চিকন ও সাদা। বাংলাদেশের যেসব এলাকায় ব্রি ধান২৯ চাষাবাদ করা হয় সেসব এলাকায় জাতটি ব্যাপক জনপ্রিয়তা পাবে বলে আশা করা যায় এবং বাংলাদেশের সামগ্রিক ধান উৎপাদনে মুখ্য ভূমিকা রাখবে।

❑ **ড. মো. আবদুল কাদের, রত্না রাণী মজুমদার, তাপস কুমার হোড়, উর্মি রানী সাহা, কানিজ ফাতেমা, এ কে এম সালাহউদ্দিন, এস এম তরিকুল ইসলাম, ড. পার্থ সারথী বিশ্বাস এবং ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা।**

**ব্রি ধান১০৩:** এই জাতের জীবনকাল ১৩২ দিন। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১২৫ সে.মি.। দানা লম্বা ও চিকন। ডিগ পাতা খাড়া এবং পাকার সময় কান্ড ও পাতা সবুজ থাকে। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৩.৭ গ্রাম। ধানে অ্যামাইলোজের পরিমাণ ২৪%। জাতটির গড় ফলন প্রতি হেক্টরে ৬.২ টন, তবে উপযুক্ত পরিচর্যা পেলে জাতটি ৮.০ টন ফলন দিতে সক্ষম। জাতের চালের আকার লম্বা ও চিকন হওয়ায় এটি রপ্তানি যোগ্য।

*বাকী অংশ পৃষ্ঠা ৩*




*BRRI dhan103*

## New Rice Varieties

*After page 1*

General Dr Md Shahjahan Kabir and other senior officials of different organizations were present.

BRRI has so far developed 111 high yielding rice varieties including eight hybrids.

**BRRI dhan101:** BRRI dhan101 has all the characteristics of modern rice variety. The special characteristics of this variety is resistance to bacterial blight. Fertilizer dose for its cultivation are similar to other modern varieties. The average plant height is 110 cm. BRRI dhan101 produces 7.72 ton per hectare yield. Its average growth duration is 142 days. Weight of 1000 mature grains of this variety is around 23.1 gram. Its grain contains 25% amylose and protein 9.8%.

**BRRI dhan102:** High yielding zinc enriched Boro rice variety. The breeding line IR99285-1-1-1-P2 was generated through a multiple cross conducted at International Rice Research Institute (IRRI) and its parentage is IR 91153-AC 117/ IR05F102// IR 68144-2B-2-2-3-1-166/// IR 66/ 4/ NSIC RC 158/ NEGRO// BRRI dhan29. The line was introduced by BRRI from IRRI in 2014. The breeding line IR99285-1-1-1-P2 was tested for four years in the research field of BRRI, Gazipur. Then the line was evaluated in the experimental fields of BRRI regional stations in 2018 as well as in different farmers' fields of Bangladesh in 2019. Afterwards IR99285-1-1-1-P2 showed successful performance in the proposed variety trial (PVT) established by the Seed Certification Agency in 2020 and approved by the field evaluation committee of National Seed Board (NSB). Finally NSB of Bangladesh released IR99285-1-1-1-P2 as high yielding zinc enriched BRRI dhan102 for cultivation throughout the country at its 106th meeting held on 18 January 2022.

The average plant height of BRRI dhan102 is 103 cm and its growth duration is 150 days. The flag leaves are erect, broad and long. The colour of the leaves are green. The average yield of BRRI dhan102 is 8.1 t/ha. However, with proper care, it can produce yield up to 9.6 t/ha under favourable environment. The grain quality of the rice is excellent. The zinc content of the milled rice of the variety is 25.5 mg/kg, so it can play a vital role to meet up the 50-70% zinc requirement of the people of Bangladesh. The amount of amylose and protein of the variety is 28.0% and 7.5%, respectively. The weight of 1000 grain of BRRI dhan102 is 22.7 grams. The colour of the newly developed rice grain is straw and the milled rice of the variety is long slender and white. BRRI dhan102 is expected to be very popular in the areas where BRRI dhan29 is cultivated and play a major role in increasing overall rice production of Bangladesh.

❑ **Dr M A Kader, R R Majumder, T K Hore, U R Shaha, K Fatema, A K M Shalahuddin, S M Tariqul Islam, Dr Partha Sarathi Biswas and Dr K M Iftekharuddaula**

**BRRI dhan103:** Cultivation procedure of BRRI dhan103 is similar to the other high yielding transplant Aman rice varieties. Plant height of this variety is 125 centimeter and and growth duration is 132 days. Its grain contains 24% amylose. weight of 1000 mature grain of this variety is around 23.7 gram. The size and shape of the grain is longer and slender. Although the average yield potentiality is 6.2 ton per hectare, it can produce up to 8.00 ton per hectare yield in case of favourable environment and appropriate agronomic management.

*See page 3*

## ‘রাইস সল্যুশন’ মোবাইল অ্যাপ উদ্বোধন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে প্রথমবারের মতো ধানের ক্ষেত থেকেই আক্রান্ত ধান গাছের ছবি অ্যাপে প্রেরণের মাধ্যমে রোগবালাই চিহ্নিতকরণের লক্ষ্যে ‘রাইস সল্যুশন’ (সেন্সর-ভিত্তিক ধানের বালাই ব্যবস্থাপনা) নামক মোবাইল অ্যাপ উদ্বোধন করা হয়েছে। মাননীয় কৃষিমন্ত্রী ব্রিতে বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২১-২২-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অ্যাপটি উদ্বোধন করেন।

এ অ্যাপের মাধ্যমে রোগবালাই ও পোকামাকড় সংক্রান্ত যেকোনো সমস্যার ছবি বা তথ্য ইনপুট হিসেবে প্রদান করা হলে স্বয়ংক্রিয়ভাবে প্রেরিত ছবির রোগ বা পোকামাকড়ের সমস্যা নির্ণয়পূর্বক সঠিকতার হার নির্ধারণ করে ব্যবস্থাপনামূলক পরামর্শ প্রদান করবে।




## 'Rice Solution' mobile app launched

The Bangladesh Rice Research Institute (BRRI) has launched a sensor-based rice pest management mobile application named ‘Rice Solution’ with the aim of identifying diseases easily. The Hon'ble Minister, Ministry of Agriculture inaugurated the mobile app as the chief guest at the Annual Research Review Workshop 2021-22 at BRRI.

If a user uploads an image or information related to any disease and insects on the app, it will automatically diagnose the matter and provide management advice based on the accuracy rate.

## ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংক প্রতিনিধি দলের ব্রি পরিদর্শন

বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত জোয়াও তাবাজরা ডি অলিভেরা জুনিয়র এবং ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংক প্রেসিডেন্ট পেদ্রো ডুয়ার্তে গুইমারেসের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ২৭ ফেব্রুয়ারি ২০২২ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রতিনিধি দলকে স্বাগত জানান। পরে ব্রির ভিআইপি সভাকক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় ব্রির মাননীয় মহাপরিচালক জানান, বিশ্বের সাথে তাল মিলিয়ে ব্রির গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয় যেখানে খাদ্য নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব পায়। এ সময়ে ব্রির মহাপরিচালক ধানকে ব্রাজিলের অন্যতম প্রধান ফসল উল্লেখ করে এ ক্ষেত্রে ব্রাজিল এবং বাংলাদেশের মধ্যে আনুষ্ঠানিক সহযোগিতার উপর গুরুত্বারোপ করেন।




ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আবু বকর ছিদ্দিক, পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম সহ বিভাগীয় ও শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন। ব্রাজিল প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংক এর রিটেইল নেটওয়ার্কের ভাইস প্রেসিডেন্ট পাওলো হেনরিক অ্যাঞ্জেলো সুজা, লিগ্যাল ডিরেক্টর গ্রাইকোস অ্যাটম ভ্যালেন্তে লরিরো, রিটেল প্রোডাক্টের এক্সিকিউটিভ ডিরেক্টর এডুয়ার্ডো ফাক আন্তোনিও, ব্রাজিল দূতাবাসের ট্রেড এনালিস্ট নাহিদ ফেরদৌসি উপস্থিত ছিলেন। সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। মতবিনিময়কালে ব্রাজিলিয়ান ফেডারেল সেভিংস ব্যাংকের প্রেসিডেন্ট পেদ্রো ডুয়ার্তে গুইমারেস ব্রির গবেষণা কার্যক্রমের ভুয়সী প্রশংসা করেন।

ড. মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভা শেষে ব্রির পক্ষ থেকে ক্রেস্ট এবং বিভিন্ন উপহার সামগ্রী ব্রাজিলিয়ান প্রতিনিধি দলের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়।

## Brazilian Federal Savings Bank Delegation Visits BRRI

Brazilian Federal Savings Bank Delegations headed by Honourable Ambassador of Brazil in Dhaka, Bangladesh Joao Tabajara De Oliveira junior and President of Brazilian federal Savings Bank Pedro Duarte Guimaraes visited Bangladesh Rice Research Institute (BRRI) Headquarters on 27 February 2022 in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir offered a cordial welcome to the delegation team at the Institute and briefed about its main features. He also discussed ways and means to collaboration between BRRI and Brazil in an opinion exchange meeting held on the occasion. Head of the Plant Breeding Division Dr Khandakar Md Iftekharuddaula delivered a presentation focusing on the major achievement and progress of the meeting.

BRRI Director General Dr Md Shahjahan Kabir presided over the opinion exchange meeting organized on the occasion while BRRI Director (Administration and Common Service) Dr Md Abu Bakr Siddique, Director (Research) Dr Mohammad Khalequzzaman, CASR Dr Munnujan Khanam, Vice President of Retail Network, Brazilian Federal Savings Bank Paulo Henrique angelo Souza, Legal Director, Brazilian Federal Savings Bank Gryecos Attom Valente Loureiro, Executive Director of Retail Product, Brazilian Federal Savings Bank Eduardo Falk Antonio, Trde Analyst, Brazil Embassy Nahid Ferdousi, Heads of BRRI research divisions and sections were present.

## ছয় সচিবের ব্রি পরিদর্শন

*চতুর্থ পৃষ্ঠার পর*

সকালে মন্ত্রীপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম অন্যান্য সচিবদের সঙ্গে নিয়ে রাইস মিউজিয়াম পরিদর্শন করেন। পরে তিনি ব্রির উদ্ভিদ প্রজনন বিভাগ, হাইব্রিড রাইস বিভাগ, কৌলি সম্পদ ও বীজ বিভাগ, জীব প্রযুক্তি বিভাগ, শস্যমান ও পুষ্টি বিভাগ, রাইস ফার্মিং সিস্টেম বিভাগ, খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগ, কৃষি অর্থনীতি বিভাগ, কৃষি পরিসংখ্যান বিভাগ, খামার ব্যবস্থাপনা বিভাগ, ফলিত গবেষণা বিভাগ, কীটতত্ত্ব বিভাগ, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ, কৃষিতত্ত্ব বিভাগ, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের স্টল পরিদর্শন করেন এবং বিভাগগুলোর কার্যক্রম ও ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে জানতে চান। সংশ্লিষ্ট বিজ্ঞানীরা স্ব-স্ব বিভাগের বিস্তারিত কার্যক্রম মন্ত্রীপরিষদ সচিবকে অবহিত করেন। এরপর মন্ত্রীপরিষদ সচিব ব্রির গবেষণা মাঠ পরিদর্শন করেন এবং বিভিন্ন বিষয়ে অবহিত হন।

## Six Secretaries Visit BRRI

*After page 4*

The Cabinet Secretary along with other secretaries visited the BRRI organized stalls of Plant Breeding Division, Hybrid Rice Division, GRS Division, Biotechnology Division, Grain Quality and Nutrition Division, Rice Farming System Division, Farm Machinery and Post harvest Technology Division, Agril. Economics Division, Agril. Statics Division, Farm Management Division, Division of Adaptive Research, Division of Entomology, Division of Plant Pathology, Division of Pant Physiology, Division of Agronomy, Division of Soil Science and Irrigation and Water Management Division.

# BRRI Gets Digital Bangladesh Award 2022




On Digital Bangladesh Day 2022, Agromet Lab of Bangladesh Rice Research Institute (BRRI) received 'Digital Bangladesh Award 2022' for the innovation of 'Digital Platform-Integrated Rice Advisory System' in General-Govt. Official (Best Individual) category at Bangabandhu International Conference Center (BICC), Dhaka on 12th December 2022.

Mr Niaz Md Farhat Rahman, Principal Scientific Officer, Agricultural Statistics Division and Coordinator of BRRI Agromet Lab, received this prestigious award from the Minister of State for Information and Communication Technology (ICT) Zunaid Ahmed Palak MP in the presence of Honourble Prime Minister Sheikh Hasina for outstanding contribution towards building digital Bangladesh. Honourble Prime Minister was present as the chief guest on the occasion. State Minister of Information and Communication Technology Zunaid Ahmed Palak MP presided over the event.

## BRRI observes Victory Day

BRRI observed Victory Day in a befitting manner in Gazipur on 16 December last with national flag hoisting, discussion



meeting, colourful rallies, daylong sports and cultural programmes. BRRI Director General Dr Md Shahjahan Kabir, BRRI Director (Administration and Common Service) Dr Abu Bakr Siddique, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzamen took the lead in these activities. Hundreds of people including all the division heads, senior scientist and officials of the institute as well as the school going students spontaneously took part in these programmes.

## BRRI observes Independence Day

BRRI observed Independence Day in a befitting manner in Gazipur on 26 March last with national flag hoisting,



discussion meeting, colourful rallies, daylong sports and cultural programmes. BRRl Director General Dr Md Shahjahan Kabir, BRRI Director (Administration & Common Service) Dr Abu Bakr Siddique, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman took the lead in these activities. Hundreds of people including all the division heads, senior scientists and officials of the institute as well as the school going students spontaneously took part in these programmes.

## BRRI observes International Mother Language Day

BRRI observed International Mother Language Day on 21 February last in a befitting manner with national flag hoisting, placing wreath at the portrait of the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman, Colourful rallies,



discussion meeting remembering the language martyrs in Gazipur. BRRI Director General Dr Md Shahjahan Kabir, BRRI Director (Administration and Common Service) Dr Abu Bakr Siddique, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman took the lead in these activities while Heads of BRRI research divisions and sections along with hundreds of officials and employees of the institute were present.

## BRRI observes National Mourning Day

BRRI observed National Mourning Day in a befitting manner in Gazipur on 15 August with discussion meeting and rallies remembering the tragic events of that day. BRRI Director General Dr Md Shahjahan Kabir. BRRI Director



(Administration and Common Service) Dr Abu Bakr Siddique, BRRI Director (Research) Dr Mohammad Khalequzzaman led in arranging the programmes while heads of the 19 research divisions along with senior scientists and officials attended.




**উপদেষ্টামণ্ডলী**
ড. মো. শাহজাহান কবীর
ড. মো. আবুবকর ছিদ্দিক
ড. মোহাম্মদ খালেকুজ্জামান

**সম্পাদনায়**
মো. রাশেল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
মো. রাশেদুল ইসলাম

**মুদ্রণ**
এসআরএল প্রিন্টিং প্রেস
নীলক্ষেত, ঢাকা

কপির সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৩৫৬

প্রকাশকাল: ফেব্রুয়ারী ২০২৩




*Photo session of the trainees with the guests after the inauguration of the training on 'Modern Rice Production Technology'*

## Seminar held in BRRI during October 2022 to December 2022

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Dr A S M Masuduzzaman**<br>CSO, Director Research's Office, BRRI | A challenge for breaking the yield ceiling of rice through ideotype breeding. | 06 Oct |
| **Dr Mir Sharf Uddin Ahmed**<br>PSO and Head, GRS Division, BRRI | Breeder seed delivery from BRRI: Development of rice seed system of Bangladesh | 20 Oct |
| **Md Abubakar Siddique**<br>Senior Scientific Officer, Genetic Resources and Seed (GRS) Division | Salinity Recovery Screening and Genome-Wide Association Study (GWAS) on Related Physiological Traits in Rice (Oryza sativa L.) | 27 Oct |
| **Dr Priya Lal Chandra Paul**<br>SSO, IWMD, BRRI | Pathways to sustainable crop production through water and soil management in the coastal area of Bangladesh. | 03 Nov |
| **Dr Md Mozammel Haque**<br>SSO, BRRI RS, Habiganj | Optimization of vermicompost rates on net global warming potential and net carbon budget under rice-rice system | 10 Nov |
| **Md Humayun Kabir Baktiar**<br>SO, GRS Division | Characterization of Bangladesh Rice Germplasm | 17 Nov |
| **Dr Debjit Roy**<br>SSO, IWM Division, BRRI | Water for hill agriculture: An untold story. | 24 Nov |
| **Dr Mahmuda Khatun**<br>PSO, Plant Breeding division, BRRI | Present Status and Scope of the Development of Transplant Aus Rice Varieties | 08 Dec |
| **Dr Maniruzzaman**<br>PSO and Head, IWM Division | An overview of Delta plan strategies for agriculture | 15 Dec |
| **Tahmina Akter**<br>SO, BRRI RS, Shatkhira | Comparative performance of selected BAU, BRRI, BINA and indigenous rice cultivars | 22 Dec |


প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ইমেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org